দৈনিক ইনকিলাব

১৩ DEC 1998
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে গোলাপী দলের পূর্ণ প্যানেলে বিজয়

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রিপোর্টার ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গতকাল শনিবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির নির্বাচনে সরকার সমর্থিত গোলাপী দল পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে। দীর্ঘদিন পর এই প্রথম জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী সাদা দল শিক্ষক সমিতির প্রতিনিধিত্ব হারিয়েছে। মোট ৪৮২ জন ভোটারের মধ্যে ৩৮৯ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। জানা যায়, সাদা দলের অনেক ভোটার অনুপস্থিত ছিলেন। সাধারণ সম্পাদক পদে তুমুল প্রতিদ্বন্দ্বিতার পর গোলাপী দলের ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী ১৯০ ভোট পেয়ে মাত্র ৩ ভোটের ব্যবধানে জয়লাভ করেছেন। তার প্রতিদ্বন্দ্বী সাদা দলের ডঃ মুনির আহমদ চৌধুরী পেয়েছেন ১৮৭ ভোট। নির্বাচিত অন্যান্য কর্মকর্তারা হলেন সভাপতি ডঃ মঞ্জুর মোর্শেদ মাহমুদ, সহ-সভাপতি ডঃ মোহাম্মদ শামসউদ্দিন, কোষাধ্যক্ষ ডঃ মনীন্দ্র কুমার রায়, যুগ্ম-সম্পাদক মাঈনুল হাসান চৌধুরী, সদস্য ডঃ মোহাম্মদ আসলাম ভুঁইয়া, আব্দুল্লা মামুন, ডঃ মোহাম্মদ রশিদ, ডঃ মোহাম্মদ শামসুল আলম, ডঃ শহীদুল ইসলাম ও মাহবুবুর রহমান।